# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৭ নভেম্বর ২০২২ খ্রি.

চসিক শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভায় মেয়র

## সম্ভাবনাকে শক্তিতে রূপান্তরের মাধ্যম হচ্ছে শিক্ষা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মানুষের ভিতরে সুপ্ত প্রতিভা, সম্ভবনা লুকিয়ে থাকে তা শক্তিতে রূপান্তরের মাধ্যম হচ্ছে শিক্ষা। শিক্ষা অতীত সংস্কৃতির বাহক, বর্তমান সভ্যতার পৃষ্টপোষক এবং ভবিষ্যৎ প্রগতির ধারক। তিনি বলেন, চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের মান উন্নয়ন ও ভৌত অবকাঠামো উন্নয়নে একটি পরিকল্পনা থাকা বাঞ্চনীয়। পরিকল্পনাই একটি জাতি বা প্রতিষ্ঠানকে অভিষ্ট লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে। মেয়র শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, শুধু প্রাতিষ্ঠানিক ফলাফল ভাল হলে চলবেনা, আলোকিত ও ভালো মানুষ হিসেবে শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে। তাই তিনি ক্লাসে পাঠদানের পূর্বেই মানবিক নৈতিক মূল্যবোধ ও পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কে আলোচনা করার উপর শুরুত্বারোপ করেন। আজ সোমবার সকালে চসিক পরিচালিত স্কুল ও কলেজ পরিচালানা কমিটির সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। প্রধান শিক্ষা কর্মকর্তা বেগম লুৎফুন নাহারের সঞ্চালনায় এতে বক্তব্যে রাখেন শিক্ষা ষ্ট্যান্ডিং কমিটির সভাপতি ড. নেছার উদ্দিন আহমেদ মঞ্জু, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, জরিনা-মফজল সিটি কর্পোরেশন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মিসেস হাজারা খাতুন, হোসেন আহম্মদ চৌধুরী সি.ক উচ্চ বিদ্যালয় ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস.এম এহছান উদ্দিন, পাঁচলাইশ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক জুলফিকার আলী হায়দার ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ। সিটি মেয়র আরো বলেন, মধ্যবিত্ত ও নিম্নবিত্ত নগরবাসির সন্তানদের শিক্ষাদান, নিরক্ষরতা দূরীকরণ সরকারের পরিকল্পনা বাস্তবায়নের প্রত্যয়ে চসিক নগরীতে স্কুল ও কলেজ প্রতিষ্ঠান পরিচালনা করছে। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের দেখবাল শুধু প্রধান শিক্ষকদের নয় এক্ষেত্রে কলেজ পরিচালনা পরিষদ ও অভিভাবকদের ও দায়িত্ব রয়েছে। তারা প্রতিষ্ঠান প্রধানকে সহযোগিতার মাধ্যমে শিক্ষার মান উন্নয়নে ভুমিকা রাখবে বলে তিনি মন্তব্য করেন। মেয়র পরিচালনা কমিটির সকলকে সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে শিক্ষা প্রতিষ্ঠানের মান উন্নয়নের প্রসার, সুনাম-সুখ্যাতি বৃদ্ধির জন্য নিরলসভাবে দায়িত্ব পালন করার আহবান জানান। মেয়র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের দলাদলি থেকে বিরত থাকার আহবান জানিয়ে বলেন, এতে শিক্ষার্থীরা শৃঙ্খলা ও পড়ালেখায় মনোযোগ হারাবে।

## চসিকে রাস্তা কর্তন বাবদ চট্টগ্রাম ওয়াসার ৭ কোটি টাকার চেক প্রদান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো.রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর উন্নয়নে সেবাসংস্থাগুলো সমন্বিত ভাবে কাজ করলে উন্নয়ন কাজগুলো দৃশ্যমান হবে এবং নগবাসীকে কোন ধরণে সমস্যার সম্মুখিন হতে হবে না। তিনি চট্টগ্রাম ওয়াসা স্যুয়ারেজ প্রকল্প বাস্তবায়নে চসিক থেকে সকল ধরণে সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। মেয়র আরো বলেন, এখন শুস্ক মৌসুম নগরীর সড়কগুলোর সংস্কার কাজ প্রায় শেষ করেছে। তিনি নগরীর সংস্কারকৃত সড়ক কর্তনের অন্তত: ৬মাস পূর্বে চসিককে অবগত করার জন্য ওয়াসার ব্যবস্থাপনা পরিচালকের প্রতি আহ্বান জানান। রাস্তা কর্তন বাবদ চসিকের পাওনা সমুহ পরিশোধে ওয়াসার যে আন্তরিকতা দেখিয়েছে তার জন্য ধন্যবাদ ও অভিন্দন জানান।

ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক এ কে এম ফজলুল্লাহ বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আমাদের সকলের অভিভাবক। আমরা চসিকের সাথে সম্মনিতভাবে নগরীর উন্নয়নে কাজ করতে চাই। তিনি স্যুয়ারেজ প্রকল্প বাস্তবায়নে মেয়রের সহযোগিতা কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন-চসিক সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, ওয়াসার ডিএমডি শামসুল আলম, প্রধান প্রকৌশলী মাকসুদ আলম, প্রধান রাজস্ব কর্মকর্তা সাজিয়া তাহের, রাজস্ব কর্মকর্তা এরফান সাজ্জাদ। শেষে ওয়াসার এমডি এ.কে.এম ফজলুল্লাহ চসিকের সড়ক কর্তন বাবদ ৭ কোটি টাকার চেক মেয়রের নিকট হস্তান্তর করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে ১ লক্ষ ৪৬ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর ওআরনিজাম রোড ও এমএমআলী রোড এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মানাধীন ভবন পরিদর্শন করা হয়। সে সময় এডিস মশার জন্মস্থান পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টি করা হয়। আদালত ৪টি নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৯৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে মনছুরাবাদ ও আশকারাবাদ এলাকায় রাস্তা ও ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনা করে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৫ হাজার টাকা জরিমানা করা হয়। আদালত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ৩ ব্যক্তিকে ২৬ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

চসিক কলেজ শিক্ষক সমিতি কর্তৃক প্রকাশিত

## শিক্ষক ডাইরেক্টরি'র মোড়ক উম্মোচন করেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, একবিশংশ শতাব্দীর বিজ্ঞাপন ও প্রযুক্তির চরম উৎকর্ষতার কারণে সমাজ দ্রুত পরিবর্তন হচ্ছে। এই পরিবর্তনের জন্য শিক্ষাকে সময়ের সেরা বিনিয়োগ ক্ষেত্র হিসেবে তৈরী করতে হবে। টেকসই, উন্নয়নের জন্য শিক্ষার কোন বিকল্প নেই। সে কারণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন তার নিয়মিত কার্যক্রমের বাইরে গিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকে যা বাংলাদেশ তথা বিশ্বের জন্য একটি অনন্য দৃষ্টান্ত। কোভিড-১৯ এর কারণে সবচেয়ে ক্ষতিগ্রস্থ হয়েছে শিক্ষা ব্যবস্থা। এই ক্ষতি পুনরুদ্ধারে অগ্রণী ভূমিকা রাখতে হবে শিক্ষকদের। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশন কলেজ শিক্ষক সমিতিকে শিক্ষক ডাইরেক্টরি প্রকাশের জন্য অভিনন্দন জানান। আজ সোমবার বিকালে টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কলেজ শিক্ষক সমিতি'র তৃতীয় কার্যনির্বাহী কমিটির একবছর পূর্তি উপলক্ষে প্রথম প্রকাশিত শিক্ষক ডাইরেক্টরী সংযোগ এর মোড়ক উম্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা ষ্ট্যান্ডিং কমিটির সভাপতি ড. নিছার উদ্দিন আহমদ মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন- সমিতি'র সভাপতি জিন্নাত পারভীন সাকি, সহসভাপতি শহীদুল ইসলাম, নাজনীন আকতার, সাধারণ সম্পাদক প্রনব কুমার দাশ। উপস্থিত ছিলেন-সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ড.চিম্ময় গুহ, সাইফুল ইসলাম, ইসরাত জাহান মিলি, সৈয়দা আতিয়অ বেগম প্রমুখ।

মেয়র আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন কলেজ শিক্ষক সমিতি সম্মিলিত উদ্যোগের মাধ্যমে সদস্যদের প্রশিক্ষণ, প্রযুক্তিজ্ঞান উন্নয়ন ও উচ্চতর গবেষনায় কর্মদ্যোগী হয়ে নিজেদের দক্ষতা বৃদ্ধি করে শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা প্রদানে ভূমিকা রাখার আহ্বান জানান। পরে সিটি মেয়রকে কোর্টপিন পরিধান ও শিক্ষক ডাইরেক্টরি সংযোগের মোড়ক উম্মোচন করা হয়।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩